



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩- ৪০৬৬ (৩)

১৫/১১/২০১৬ খ্রিস্টাব্দ।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
----- জেলা

বিষয়ঃ কর্জ খতিয়ান, সাপ্তাহিক আদায় শীট ও পাশ বইয়ের সাথে প্রকল্পের অনলাইন সফটওয়্যারের তথ্যের মিল যাচাই করণ।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের প্রকল্পভূক্ত উপজেলার কর্জ খতিয়ান, পাশবই, সাপ্তাহিক আদায় শীট ও ক্যাশ বইয়ের তথ্যের সাথে বাস্তবায়নধীন সফটওয়্যারের তথ্যের মিল করে উহার সঠিকতা যাচাই করার উদ্দেশ্যে প্রকল্প সদর দপ্তরের স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩৮৭৪ তারিখ: ০৮/০৯/২০১৬ খ্রি: মোতাবেক সংযুক্ত ছকে তথ্য প্রেরণ করার নির্দেশনা দিয়ে পত্র জারী করা হয়। প্রাপ্ত রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় কোন কোন উপজেলার কর্জ খতিয়ান, পাশবই ও ক্যাশ বইয়ের তথ্যের সাথে প্রকল্পের সফটওয়্যারে তথ্যের মিল নাই। আবার অধিকাংশ উপজেলা সমিতি পর্যায়ে সদস্যদের পাশবই যাচাই না করেই তথ্য মিল আছে মর্মে রিপোর্টে উল্লেখ করেছেন। যারা এ ধরনের রিপোর্ট প্রকল্প দপ্তরে প্রেরণ করেছেন তাদেরকে সদস্য পর্যায়ে গিয়ে বর্ণিত স্মারকমূলের পত্রের ছক মোতাবেক অক্টোবর/২০১৬ খ্রিঃ মাসের WCS (Without Data) এর প্রারম্ভিক স্থিতি অনুযায়ী তথ্য সমূহ হালনাগাদ যাচাই করার জন্য নির্দেশনা দেয়া হলো। এক্ষেত্রে যে সকল উপজেলায় সত্যিকারভাবে সদস্য ওয়ারী পাশবই এবং সফটওয়্যারে তথ্যের গরমিল পরিলক্ষিত হবে সে সকল উপজেলাকে আগামী ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উহা সংশোধনের উদ্যোগ নিতে হবে। উপজেলা হতে সংশোধন করা সম্ভব না হলে তা সংশোধনের জন্য দ্রুত প্রকল্প দপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।


২। যে সব উপজেলায় বর্ণিত ছক মোতাবেক উপজেলার কর্জ খতিয়ান ও সদস্যদের পাশ বইয়ের সাথে প্রকল্পের অনলাইন সফটওয়্যারের তথ্যের শতভাগ মিল রয়েছে (Miscellaneous Savings ব্যতিত) আগামী ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উহা নিশ্চিত করে প্রকল্প দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। প্রকল্পের অনলাইন সফটওয়্যারে সফলভোগী সদস্যদের পাশবই ও সফটওয়্যারের তথ্য সংশোধনের এটাই সর্বশেষ সুযোগ। আগামী ০১ ডিসেম্বর/২০১৬ খ্রিঃ হতে প্রকল্পের সফটওয়্যারে আর পূর্বের তারিখে (ব্যাক ডেটে) যাওয়ার সুযোগ থাকবে না। তাই উল্লেখিত সময়ের মধ্যে সফটওয়্যারের এমআইএস ও এআইএস অংশের সকল ভুলত্রুটি সংশোধন পূর্বক সকল উপজেলাকে Live Date এ কাজ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল উপজেলা উক্ত সময়ের মধ্যে সকল ভুলত্রুটি সংশোধন পূর্বক এমআইএস ও এআইএস অংশে হালনাগাদভাবে সফটওয়্যার কার্যক্রম পরিচালনা করতে ব্যর্থ হবে, সেই সকল উপজেলার দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সরাসরি কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৬। হিসাবসহকারী/মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৭। অফিস কপি


(মোঃ হাবিবুর রহমান হাবিব)
সহকারী পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।